6743 I 5951 3000Rs.




Admissible under Regn. Rule ... Exempted from Stamp duty ... not required ... under the Indian Stamp ... as amended in 1976 Schedule 1A No. 58.A

A 989.50

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas

ডিড অব সেটেলমেন্ট বা নিরূপন পত্র ঃ -

**নিরূপন পত্র গ্রহিতা ঃ -** শ্রী সুমন মিত্র পিতা শ্রী সমীর কুমার মিত্র জাতি হিন্দু, পেশা অধ্যায়ন সাং ১২১৪ এবং ১২১৬এ, নর্থ রোড, থানা যাদবপুর, কলিকাতা - ৩২ ।

**নিরূপন পত্র দাতা ঃ -** শ্রীমতী সুধা রানী মিত্র, স্বামী মৃত সুধীর কুমার মিত্র জাতি হিন্দু, কায়স্থ পেশা গৃহস্থালি সাং ১২১৪ এবং ১২১৬এ, নর্থ রোড, থানা যাদবপুর কলিকাতা ৩২ ।

কস্য হাল ৪নং বিধিমতে বায়ূত দখলি স্বত্ব বিশিষ্ট বাস্তু জমি সায় তাহার উপরস্থ পাকা ইমারতাদি সাজ পাট আদি আলো, বাতাস, আগম, নিগম ও চলা চলের স্বত্ব সহ যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত দরবস্তু হক হকুক লভ্য সহ সম্পত্তির

Tarun Kanti Banerjee
Alipore Police Court, Cal-27
3000/-

12/12/84

Alipore Treasury

8129 - 3000/-
8129 - 500/-
8129 - 100/-
Rs. 3600/-

Leeka Rani Mitra

Presented for registration at 5-10 A.M. on the 14th day of Dec 1984 at the Sub-Registration Office Alipore, 24 Parganas by Sudha Rani Mitra, Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ... Executant / Claimant under Power of Attorney No. ... for 19... authenticated by the ... Registrar of ...

Sudha Rani Mitra
W/o Son / Wife of Late Sudhir Kumar Mitra
of 12/1 + 12/6A ... Rd
Thana Jadavpur
District Cal-32
By Caste Hindu by Profession H. Wife

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas

14

Leeka Rani Mitra

C79/300

Asish Kumar Guha
Advocate
Gizza ..., Calcutta
Son / Wife of ...
Thana ...
District ...
By Caste ... by Profession

Asish Kumar Guha
Advocate
High Court, Calcutta

14/12/84
SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ रु. Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

।২।

ডিড অব সেটেলমেন্ট বা নিরুপণ পত্র মিদং কার্যঞ্চাগে ঃ –

জেলা ২৪পরগণা, থানা সদর টালিগঞ্জ হাল থানা যাদবপুর, সাবরেজেষ্ট্রি অফিস আলিপুরের এলাকাধিন পরগণে খাসপুর অত্র জেলা কালেকটারির ২৩৯ নং তৌজি ভুক্ত বিগত ডিষ্ট্রিক্ট সেটেলমেন্ট জরিপে রেঃ সাঃ নং ১০, জে এল নং ৩৬ মৌজা ইব্রাহিমপুর, ডাক নাম হরিরামপুর ৯০ নং খতিয়ান ভুক্ত ১০৬ ও ১১৪ নং দাগে সর্বমোট বাংলা মাপ মবত্ত ৫ পাঁচ কাঠা ২ দুই ছটাক ৩১ একত্রিশ বর্গ ফুট জমি মায় তাহার উপরস্থ পাকা ইমারতাদি যাহা সাবেক যাদবপুর মিউনিসিপ্যালিটী হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধিন ১২।৪ নং রোড হিসাবে পরিচিত জমি জমা মায় গৃহাদি এবং উক্ত মৌজা ইব্রাহিমপুর ডাক নাম হরিরামপুর গ্রামে ৯০ নং খতিয়ান ভুক্ত ১০৬ ও ১১৪ নং দাগ ভুক্ত ২ দুই কাঠা

INDIA NON JUDICIAL

१०० रु. — Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये — ONE HUNDRED RUPEES



Sudha Rani Mullick

জমি জমা যায় তাহার উপরস্থ ইমারতাদি যাহা অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের এলাকাধিন ১২১৬ নং হাল ১২১৬এ নং নর্থ রোড হিসাবে পরিচিত ভূ সম্পত্তি অত্র নিকৃতগণ পত্র দাত্রী তাহার নিজ স্বত্ব দখলিয় ৯এ নং সাহানগর রোড প্রেমিসেস ভুক্ত বসত বাটী ১৯৬০ সালে বিক্রয় করিয়া তাহার নিজ স্ত্রীধন হইতে উপরি লিখিত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত জমি জমা যায় গৃহাদি খরিদ ও নির্মাণ করেন। উপরি লিখিত জমি জমা খরিদ ও গৃহ নির্মাণ করতঃ অত্র নিকৃতগণ দাত্রী একে অন্যের বিনাপত্যে নির্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে নিজ স্বত্ব দখল পরিচালনে যালেক সরকারের সেরেস্তায় ও হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে হারাহারি খাজনাদি ও ট্যাক্সাদি আদায় দিয়া ভোগদখলিকার আছেন ও হইতেছেন।

Ruby Rani Mitra

এক্ষণে আমি অত্র নিরুপণ পত্র দাত্রী আমার যথেষ্ট বয়স হইয়াছে । আমার শারিরীক ও মানসিক অবস্থা অটুট আছে । কিন্তু মনুষ্য জীবন অনিত্য, কখন কি হয় বলা যায় না । আমার দুই পুত্র অর্থাৎ শ্রীমান সুহৃদ কুমার মিত্র ও শ্রীমান - সমীর কুমার মিত্র, উভয়ে কীর্তিমান ও কর্তব্য পরায়ন সন্তান । তাহারা নিজ নিজ অর্থে ইতি পূর্বেই নিজ নিজ বসত বাটী নির্মাণ করতঃ স্ত্রী কন্যা গণকে লইয়া সুখে শান্তিতে বসবাস করিতেছে । ভগবানের ইচ্ছায় তাহাদের কোন অভাব নাই । আমার তিন কন্যা অর্থাৎ শ্রীমতী বুলা বসু, শ্রীমতী সুচিত্রা দে ও শ্রীমতী টুলু ব্যানার্জী । প্রত্যেকেরই সুপাত্রে বিবাহাদি হইয়াছে এবং তাহারা স্বামী গৃহে পরম সুখে সংসার নির্ব্বাহ করিতেছে । অত্র নিরুপন পত্রে বর্নিত সম্পত্তির উপর আমার পুত্র বা কন্যাগনের কোনরূপ লোভ বা মোহ নাই ।

অত্র নিরুপণ পত্র গ্রহিতা তুমি আমার পৌত্র হইতেছ । তুমি আমাকে যথেষ্ট সেবা যত্ন পরিচর্য্যাদি করিয়া আসিতেছ এবং ভবিষ্যতেও আমার জীবিত কাল তক সেবা যত্ন করিবে এই আশা করিতেছি । অত্র নিরুপণ পত্র গ্রহিতার অকুণ্ঠ সেবা যত্ন ও শুশ্রুষায় আমি পরম প্রীতিলাভ করিয়াছি ও সন্তুষ্ট হইয়াছি ।

এক্ষণে আমার নিজ নামে নিজ অর্থে করতঃ যে সকল জমি মায় গৃহাদি আছে তাহা লইয়া আমার মৃত্যুর পর যাহাতে আমার ওয়ারেশ উত্তরাধিকারীগনের মধ্যে কোন প্রকার বিবাদ বিসম্বাদ উপস্থিত হইতে না পারে তৎ নিমিত্ত সকল সম্পত্তি সুষ্ঠ বিলি বন্দোবস্ত করিয়া যাইবার মনস্থ করিয়াছি । আমার মৃত্যুর পর যাহাতে অত্র নিরুপণ গ্রহিতা তোমার জীবন যাপন করিতে বা নিরুপণ পত্র

Rudra Rani Mitra

বর্ণিত সম্পত্তি ভোগদখলে কোনরূপ অসুবিধা না হয় সব দিক বিচার বিবেচনা করিয়া আমি অত্র এই ডিড অব সেটেলমেন্ট বা নিরূপণ সম্পাদন করিয়া সকল সম্পত্তি যাবতীয় অধিকার মায় পুত্র পৌত্রাদি ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে দান , বিক্রয় হস্তান্তর স্বত্বান্তর রূপান্তর করণের ক্ষমতা যুক্তে ভোগদখল করিবার অধিকার প্রদান করিয়া এতদ্দ্বারা প্রকাশ ও প্রচার করিতেছি যে ঃ -

নিম্ন ।ক। ও ।খ। তপশীলে বিশেষ ভাবে বর্নিত সকল ভূ সম্পত্তিতে আমি অত্র নিরূপণ পত্র দাত্রী আমৃত্যু মালিক দখলিকার থাকিব এবং আমার নিজ নামে দেয় সেরেস্তার খাজনা ও কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ট্যাক্সাদি আদায় দিয়া ভোগদখল করিতে পারিব । আমার মৃত্যুর পর তুমি নিরূপণ পত্র গ্রহিতা - অত্র নিরূপণ পত্রে বর্নিত তপশীল সম্পত্তির একক মালিক ও দখলিকার হইবে এবং আমার স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া মালিক সরকারের সেরেস্তায় ও হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অফিসে নিজ নাম জারী করতঃ ভোগদখল দ্বারা মায় দান, বিক্রয় বন্ধকাদির দ্বারা একক ভাবে যাবতীয় হস্তান্তর রূপান্তর করণের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণ ক্রমে পরম সুখে ভোগদখল করিতে পারিবে । তাহাতে আমার কোন পুত্র কন্যাগণ বা ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ কোন দাবী দাওয়া করিতে পারিবে না করিলেও তাহা অত্র নিরূপণ পত্র দলিলের বনিয়াদে সকল আদালতে ও সরকারী অফিসে অগ্রাহ্য ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

Pulu Rani Chatterjee

তপসীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ন নির্দায় নির্দোষ অবস্থায় আমার খাস দখলে বিদ্যমান আছে তদাবস্থায় এই ডিড অব সেটেলমেন্ট বা নিরুপন পত্র সম্পাদন করিয়া সাক্ষীদের সম্মুখে সহি সম্পাদন করিয়া দিলাম ।

আরও প্রকাশ থাকে যে যদি ভবিষ্যতে অত্র ডিড অব সেটেলমেন্ট দলিলে কোন ভুল চুক বা ত্রুটি বিচ্যুতি প্রকাশ পায় উহা সংশোধনার্থে যে কোন সংশোধনী বা পরিপূরক দলিল করিয়া দিবার আবশ্যক হয় তাহা হইলে আবশ্যকীয় সংশোধনী দলিল বা পরিপূরক দলিল করিয়া দিতে বাধ্য থাকিলাম । অত্র নিরুপণ পত্রে বিশেষ ভাবে বর্নিত ।ক। তপসীল ও ।খ। তপসীল ভুক্ত মোট সম্পত্তির মূল্য - ১,০০০,০০ এক লক্ষ টাকা ধার্য্য করিয়া উপযুক্ত ষ্ট্যাম্প প্রদত্ত হইল ।

এতদর্থে সুস্থ চিত্তে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র নিরুপণ পত্র দলিলের লিখিত মর্ম্ম সমূহ সম্যক পাঠ করিয়া উহার মর্ম্ম সমূহ উপলব্ধি করিয়া অত্র নিরুপণ দলিল সাক্ষীগণের সম্মুখে সহি সম্পাদন করিয়া রেজেষ্ট্রি করিয়া দিলাম । ইতি তাং ইং ১৯৮৪ সালের ১৪ই ডিসেম্বর মোতাবেক বাংলা ১৩৯১ সালের ২৮ শে অগ্রহায়ন,

।ক। তপসীল বর্নিত সম্পত্তির পরিচয় ঃ -

জেলা ২৪পরগণা থানা সদর টালিগঞ্জ হাল থানা যাদবপুর সাবরেজেষ্ট্রি - আলিপুর পরগণা খাসপুর উক্ত জেলা কালেক্টারির ২৩৯ নং তৌজির অন্তর্গত সাবেক টালিগঞ্জ মিউনিসিপ্যালিটী তৎপর কলিকাতা কর্পোরেশন হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকাধিন ১২১৪ নর্থ রোড মিউনিসিপ্যাল প্রেমিসেস যাহা

যাহা বিগত ডিঃ সেঃ জরিপের রেঃ সাঃ নং ১০, জে, এল নং ৩৬, মৌজা - ইব্রাহিমপুর ডাক নাম হরিরামপুর গ্রামের মালিক জমিদার দি যাদবপুর এস্টেট লিমিটেড সেরেস্তায় ৯০ নং খতিয়ানের লিখিত ১০৬ ও ১১৪ নং দাগের মধ্যে মাপ সুরত ৫ পাঁচ কাঠা ২ দুই ছটাক ৩১ একত্রিশ স্কোয়ার ফুট জমি সায় তদ্ - পরিস্থিত ইমারত বাটী উক্ত সম্পত্তি আমার খরিদা কোবালার সংযুক্ত নকসায় লাল রংয়ের চিহ্নিত ও প্রদর্শিত রহিয়াছে ।

**উহার চৌহদ্দি ঃ -**

উত্তর ঃ - ১২´ ফিট প্রশস্ত কমন প্যাসেজ ।

পূর্ব ঃ - শ্রী প্রভাস দত্ত দীং এর জমি ।

দক্ষিন ঃ - শ্রী সত্যেন্দ্র নাথ ঘোষ দীং এর ও শ্রীমতী ছবি ভৌমিকের খরিদা জমি ।

পশ্চিম ঃ - লীলাবতীর জমি ।

উক্ত সম্পত্তি কলিকাতা কর্পোরেশনের ১২।৪ নং নর্থ রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তি হইতেছে ।

**।খ। তপশীল বর্ণিত সম্পত্তি ঃ -**

জেলা ২৪পরগণা থানা সদর টালিগঞ্জ হাল থানা যাদবপুর সাবরেজেষ্ট্রি অফিস আলিপুর সাবেক টালিগঞ্জের অন্তর্গত এক্ষণে কলিকাতা কর্পোরেশনের হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকাধীন ১২।৬ নং নর্থ রোড হাল ১২।৬এ, নর্থ রোড প্রেমিসেস যাহা মৌজা ইব্রাহিমপুর বিগত ডিঃ সেটেলমেন্ট

Rs. Re. Rental value

সেটেলমেন্ট জরিপের রেঃ সাঃ নং ১০ জে এল নং ৩৬ ও ৯০ নং খতিয়ান ভুক্ত ১০৬ ও ১১৪ নং দাগ ভুক্ত কমবেশী ৫ পাঁচ কাঠা জমির মধ্যে উত্তর ও পশ্চিম দিক মাপ সুরত ৴২ দুই কাঠা খালি জমি যাহা আমার খরিদা কোবালায় সংযুক্ত নকসায় ।ক। চিহ্নিত লাল রংয়ের রেখার দ্বারা প্রদর্শিত রহিয়াছে ।

ইহার চৌহদ্দি ঃ -

উত্তর ঃ - ১২১৪ নং নর্থ রোড প্রেমিসেস ।
দক্ষিন ঃ - অকতাংশে রাস্তা ও বক্রী অংশে ১২১৬ নং নর্থ রোড প্রেমিসেসের অংশ।
পূর্ব ঃ - ৫নং নর্থ রোড প্রেমিসেস ।
পশ্চিম ঃ - ১২১৩ নং নর্থ রোড প্রেমিসেস ।

উক্ত সম্পত্তি কলিকাতা কর্পোরেশনের হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধিন ১২১৬ নং নর্থ রোড হাল ১২১৬এ নর্থ রোড প্রেমিসেসের অংশ ভুক্ত সম্পত্তি হইতেছে ।

ইসাদী ঃ -
1) Suchitra Dey
36. Hindusthan Park
Calcutta - 29
2) Julu Banerji
33. Raja S. C Mullick Rd
Cal - 32
3) Prasanta Kumar Choudhuri
MBBS. D.C.H.
15/1C North Road
Calcutta - 32.

মুসাবিদাকারক ঃ -
Asish Kumar Guha
Advocate
High Court, Calcutta.

টাইপকারক ঃ -
শ্রী (বিষ্ণু) কুন্ডু [signature]
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা ২৭ ।

ডিড অব সেটেলমেন্ট বা নিরূপণ পত্র :-

নিরূপন পত্র গ্রহিতা - শ্রী সুমন মিত্র।

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas

নিরূপন পত্র দাত্রী : -শ্রীমতী সুধা রানী মিত্র।

মুসাবিদাকারক : - শ্রী আশীষ কুমার গুহ -
এ্যাডভোকেট -
কলিকাতা হাইকোর্ট।

SUB-REGISTRAR, ALIPORE
24 Parganas
4-12-85

Book No. I
Volume no. 69
Pages 65 to 71
Being No. 5951
for the year 1984